

কুবিতে ভর্তির আবেদন শুরু ১ জানুয়ারি

কুবি সংবাদদাতা

১৫ ডিসেম্বর,
২০২৪ ১৮:৫৬

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

সমন্বিত ভর্তি পরীক্ষা পদ্ধতি থেকে বের হয়ে নিজস্ব পদ্ধতিতে ভর্তি পরীক্ষার সিদ্ধান্ত নিয়েছে কুমিল্লা বিশ্ববিদ্যালয়।
প্রশাসন। প্রথম বর্ষে ভর্তির আবেদন শুরু পহেলা জানুয়ারি এবং ভর্তি পরীক্ষা এপ্রিলে হবে বলে জানানো হয়েছে।

রবিবার (১৫ ডিসেম্বর) ৮:৩০ অকাডেমিক কাউন্সিলের এক জরুরি সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয় বলে জানান
রেজিস্ট্রার মো. মজিবুর রহমান মজুমদার।

সংশ্লিষ্টরা জানান, ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার আবেদন চলবে আগামী বছরের ১-২০ জানুয়ারি পর্যন্ত।

আবেদন ফি নির্ধারণ করা হয়েছে এক হাজার ১০০ টাকা।

তারা আরো জানান, ১৮ এপ্রিল অনুষ্ঠিত হবে 'এ' ইউনিটের (বিজ্ঞান) ভর্তি পরীক্ষা। এরপর 'বি' ইউনিট (কলা ও
মানবিক) ও 'সি' ইউনিটের (ব্যবসা শিক্ষা) ভর্তি পরীক্ষা যথাক্রমে ২৫ ও ২৬ এপ্রিল অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষা চলবে
সকাল ১০-১১টা পর্যন্ত।

এ নিয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. মজিবুর রহমান মজুমদার বলেন, 'অ্যাকাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী
নিজস্ব পদ্ধতিতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা হবে। ভর্তি পরীক্ষার আবেদন ফি নির্ধারিত হয়েছে এক হাজার
১০০ টাকা। ভর্তি ফরম বিক্রি শুরু হবে জানুয়ারির ১-২০ তারিখ পর্যন্ত।'